



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

‘৩য় ইনডোর গেমস প্রতিযোগিতা-২০১৭’ -এর উদ্বোধনী অনুষ্ঠিত



‘আজ (২৩ অক্টোবর-২০১৭, সোমবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা কেন্দ্রের উদ্যোগে বিশ্ববিদ্যালয় ‘৩য় ইনডোর গেমস প্রতিযোগিতা ২০১৭’ -এর উদ্বোধনী অনুষ্ঠান একাডেমিক ভবনের নীচতলায় অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ক্রীড়া উপ-কমিটি (ইনডোর গেমস)-এর আহ্বায়ক অধ্যাপক ড. অশোক কুমার সাহা-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন ক্রীড়া কমিটির আহ্বায়ক অধ্যাপক মোহাঃ আলী নূর। এছাড়াও বক্তব্য প্রদান করেন লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. দীপিকা রানী সরকার, ক্রীড়া উপ-কমিটি (ফুটবল)-এর আহ্বায়ক ড. মোহাম্মদ আব্দুল বাকী প্রমুখ বক্তব্য প্রদান করেন।

প্রতিযোগিতায় সার্বিক তত্ত্বাবধানে রয়েছেন সহকারী পরিচালক (শারীরিক শিক্ষা) গৌতম কুমার দাস। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

আজ থেকে শুরু হওয়া ৩য় ইনডোর গেমস প্রতিযোগিতা ২৬ অক্টোবর পর্যন্ত চলবে এবং এতে দাবা, ক্যারাম, টেবিল টেনিস ও ব্যাডমিন্টন ক্যাটাগরিতে বিশ্ববিদ্যালয়ের ৩৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবে।